:

া বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সারাদেশে আইসিটি শিক্ষা সম্প্রসারণ এবং দক্ষ গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি র উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের তত্বাবধানে শের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প" াধীন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক জনাব সজীব ওয়াজেদ জয়ের পরামর্শ ক্রমে আইসিটি বিভাগের মাননীয় ও সচিব মহোদয়ের নেতৃত্বে এবং আইসিটি অধিদপ্তরের মহাপরিচালকসহ য়ের সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা, া মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণের সার্বিক তায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীসহ আগ্রহী তরুণ- র আইসিটি বিষয়ে প্রশিক্ষণ লাভ ও কর্মসংস্থানের সক্ষমতা অর্জনের লক্ষ্যে শের ২৯০১ টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। ইতোমধ্যে ২০১৫-২০১৬ রে ২০০১টি (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সমমানের মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানে ার ল্যাব স্থাপিত হয়েছে। চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে ৮০০টি (মাধ্যমিক, ্যমিক ও সমমানের মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানে ও ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে ার ল্যাব স্থাপনের কাজ চলমান। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় ীর উদ্যোগ ও অবদান এবং স্মৃতি বিজরিত ১৯৭৫ সালের ১৫ আগস্টের ইতিহাস সম্পর্কে সারাদেশের লাখো ছাত্র/ছাত্রী, শিক্ষক এবং জনসাধারণকে করণ ও আগ্রহী করে গড়ে তোলার পদক্ষেপ হিসেবে সারাদেশে ৬৫টি ভাষা ল্যাবসহ ২৮০১টি শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সমমানের কম্পিউটার ল্যাব সমূহকে **'শেখ রাসেল ডিজিটাল ল্যাব'** এবং ১০০টি বিদ্যালয়ের কম্পিউটার ল্যাব সমূহকে **'শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম'** নামকরণ করা হয়েছে।

র পটভূমি:

বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন ও কর্মসংস্থান বৃদ্ধির উপায় হিসাবে সরকার সেক্টরকে চিহ্নিত করেছে। ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার ণে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও শিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প প্রণয়ন করা হয়। গত ২৩/১২/২০১৪ খ্রি: তারিখে সভায় প্রকল্পটি অনুমোদন লাভ করে। প্রকল্পের অবস্থান: দেশের ৬৪ টি জেলা উপজেলার ২০০০ টি শিক্ষা প্রতিষ্ঠান, প্রকল্প ব্যয় ২৯৮৯৮.০০ লক্ষ টাকা, াওবি, প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০১৫ - ডিসেম্বর ২০১৬, সংশোধিত মেয়াদ ১৭।

অবস্থা:

১৫-২০১৬ অর্থ বছরে ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠানের স্থলে ২০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে সেল ডিজিটাল ল্যাব স্থাপনের পরও প্রকল্প ব্যয় না বাড়িয়ে বরাদ্দকৃত টাকা হতে কা দ্বারা ২০১৬-২০১৭ অর্থ বছরে অতিরিক্ত ৮০০টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক, ্যমিক ও সমমানের মাদ্রাসা) **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব"** ও ১০০টি বিদ্যালয়ে **"শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম"** স্থাপনের কার্যক্রম চলমান।

ডিজিটাল ল্যাব" মনিরামপুর সরকারি গার্লস স্কুল, মনিরামপুর, যশোর।

শেখ রাসেল ডিজিটাল ল্যাব উদ্বোধন উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণে সারাদেশে আইসিটি শিক্ষা সম্প্রসারণ এবং দক্ষ জনশক্তি গড়ে তোলা:

কর্মসংস্থান সৃষ্টি ও উন্নয়নের লক্ষ্যে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার অঙ্গিকারাবদ্ধ। এ লক্ষ্যে দেশে আইসিটি সেক্টরের উন্নয়ন ও সম্প্রসারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যুগোপযোগী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে চলেছে। দেশের তৃণমূল পর্যায়ে আইসিটি জ্ঞান সম্প্রসারণে "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প" প্রণয়নে মাননীয় প্রধানমন্ত্রী এবং আইসিটি প্রতিমন্ত্রী মহোদয়ের উদ্যোগ একটি যুগান্তকারী পদক্ষেপ।

শেখ রাসেল ডিজিটাল ল্যাবের উদ্বোধনী অনুষ্ঠান ১৩ই আগস্ট ২০১৬ (গণভবন)

বিভাগ ভিত্তিক প্রতিষ্ঠানের সংখ্যা :

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সমমানের মাদ্রাসা ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে লক্ষমাত্রা অনুযায়ী ঢাকা ও ময়মনসিংহ বিভাগে-৭৭৪টি, চট্টগ্রাম বিভাগে-৫২০টি, খুলনা বিভাগে-৩৩৭টি, রাজশাহী বিভাগে-৪১৮টি, রংপুর বিভাগে-৩১৩টি, বরিশাল বিভাগে-২৪১টি ও সিলেট বিভাগে-২০৮টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট-২৮০১টি **শেখ রাসেল ডিজিটাল ল্যাব** স্থাপন।

প্রাথমিক বিদ্যালয়ে ২০১৬-২০১৭ অর্থ বছরে লক্ষমাত্রা অনুযায়ী ঢাকা ও ময়মনসিংহ বিভাগে-২৮টি, চট্টগ্রাম বিভাগে-১৭টি, খুলনা বিভাগে-১৫টি, রাজশাহী বিভাগে-১৬টি, রংপুর বিভাগে-১২টি, বরিশাল বিভাগে-৬টি ও সিলেট বিভাগে-৬টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট-১০০টি **শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম** স্থাপন কার্যক্রম চলমান।

শেখ রাসেল ডিজিটাল ল্যাব

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প

ICT DIVISION

FUTURE IS HERE

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

"শেখ রাসেল ডিজিটাল ল্যাব" খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে ৬৫ টি ভাষা প্রশিক্ষণ ল্যাবসহ সারাদেশের ২৮০১ টি শিক্ষা প্রতিষ্ঠানে **শেখ রাসেল ডিজিটাল ল্যাব** ও ১০০ টি প্রাথমিক বিদ্যালয়ে **শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম** স্থাপন।

২৯০১ টি ডিজিটাল ল্যাবের মাধ্যমে তথ্য ও যোগাযোগ সেবা সারাদেশের লাখো ছাত্র/ছাত্রীদের নিকট সহজলভ্য করা।

২৯০১ টি ডিজিটাল ল্যাবে ইন্টারনেট সংযোগ সুযোগ সৃষ্টি করে ল্যাব সমূহকে স্থানীয় সাইবার কেন্দ্র হিসাবে গড়ে তোলা।

ডিজিটাল শিক্ষা ও তথ্য সেবা সম্প্রসারণ/সহজলভ্যের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের আইসিটি ক্ষেত্রে সামর্থ বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

ভাষা প্রশিক্ষণ ল্যাবের মাধ্যমে বিশ্বের ৯টি ভাষায় প্রশিক্ষণ প্রদান করে হাজারো বেকার যুবক যুবতীদের বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।

"শেখ রাসেল ডিজিটাল ল্যাব" মোহাম্মদপুর প্রিপারেটরী স্কুল এন্ড কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।

২০১৫-১৬ অর্থ বছরে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ফার্নিচার, ল্যাপটপ ও আইটি সরঞ্জামের বিবরণী:

- ফার্নিচার-ইন্সট্রাক্টর চেয়ার: (হাতওয়ালা) ১টি, ইন্সট্রাক্টর টেবিল: ১টি, স্টুডেন্ট টি ট্রেনী টেবিল (ডাবল) ৮টি (১৬ জনের জন্য) এবং স্টুডেন্ট/ট্রেনী চেয়ার (হাতা ছাড়া) ১৬টি।
- ল্যাপটপসহ আইটি সরঞ্জম-ল্যাপটপ কম্পিউটার-১৭ টি, প্রিন্টার (মনোক্রোম (লেজার)-১টি, স্ক্যানার-১টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর (স্ক্রীনসহ--১টি এবং ৩-জি পকেট রাউটার-১টি।
- ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাবের জন্য অতিরিক্ত সরঞ্জাম: প্রতিটি ল্যাবের জন্য হেড ফোন-১৭টি, ৯টি ভাষা যথা: ইংরেজি (আমেরিকান/ব্রিটিশ/অস্ট্রেলিয়ান), চীনা, কোরিয়ান, জাপানিজ, ফরাসি, স্প্যানিশ, জার্মান, আরবি ও রুশ ভাষা উপর প্রশিক্ষণ সফটওয়ার ও কনটেন্ট।

২০১৬-২০১৭ অর্থ বছরে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ফার্নিচার ও আইটি সরঞ্জামের বিবরণী:

(১) ফার্নিচার: কম্পিউটার টেবিল-১১টি (ডাবল), সুইভেল চেয়ার-৩১টি।
(২) আইটি সরঞ্জাম: ল্যাপটপ-১টি, ডেক্সটপ কম্পিউটার-১০টি, ট্যাব-১টি, প্রিন্টার-১টি, স্ক্যানার-১টি, মাল্টিমিডিয়া প্রোজেক্টর-১টি (ক্রীনসহ) এবং থ্রিজি রাউটার-১টি এর সমন্বয়ে ল্যাব স্থাপন করা হবে।

শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুমের জন্য ফার্নিচার ও আইটি সরঞ্জামের বিবরণী:

(১) ফার্নিচার: ৬টি কম্পিউটার টেবিল ও ৬টি চেয়ার।
(২) আইটি সরঞ্জাম: ১টি ল্যাপটপ, ২টি ডেক্সটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি মাল্টিমিডিয়া প্রোজেক্টর-১টি (ক্রীনসহ) এবং ২টি লোকষ্ট আইটি ইকুইপমেন্ট, ১টি থ্রিজি রাউটার এর সমন্বয়ে ল্যাব স্থাপন করা হবে।

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন কার্যক্রম ও পরিচালনা পদ্ধতি: ২৮০১ ডিজিটাল ল্যাব :

(১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দিকনির্দেশনা ও অনুমোদনক্রমে ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য সারাদেশের ২৮০১টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে।
(২) সারাদেশের ২৮০১টির প্রতিটি ডিজিটাল ল্যাবে মোবাইল অপারেটরদের মাধ্যমে ৬ মাসিক প্ল্যানে প্রকল্প ব্যয়ে ৩-জি রাউটার ও সিমসহ ১ এমবিপিএস স্পিডে ২০ জিবি মাসিক ডাটাসহ ইন্টারনেট সংযোগের ব্যবস্থা রাখা হয়েছে। ৬ মাস পরবর্তী স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইন্টারনেট চালু রাখা ও ব্যয় বহন করতে হবে।
(৩) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত ল্যাবসমূহ মাল্টিমিডিয়া ক্লাসরুম হিসাবে ব্যবহার করতে হবে।
(৪) প্রতিটি ল্যাব স্থানীয় সাইবার সেন্টার হিসাবেও ব্যবহার করা যাবে।
(৫) প্রতিটি ল্যাব শর্ত সাপেক্ষে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/শিক্ষক কর্তৃক ব্যবহার করা যাবে।
(৬) নির্বাচিত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ২০জন ছাত্র/ছাত্রী বসার মত ল্যাব কক্ষ বরাদ্দ করা হয়েছে এবং বরাদ্দকৃত ল্যাব কক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড স্থাপনের জন্য নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রকল্প হতে ৩০,০০০/- হারে ব্যয় গ্রহণ করতঃ কার্য সম্পাদন হয়েছে।
(৭) নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রতিটি ল্যাবের সুষ্ঠু ব্যবহার, রক্ষনাবেক্ষণ, পরিচালনা ও নিবাপত্তার ব্যবস্থা গ্রহণ করবে।
(৮) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক ডিজিটাল ল্যাব স্থাপন ও পরিচালনায় সহযোগিতা ও দায়িত্ব পালন বিষয়ে প্রকল্প অফিসের সাথে সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে।

৬৫ ভাষা প্রশিক্ষণ ল্যাব:

বিশ্বের প্রধান ৯টি ভাষা শেখার সুবিধার্থে প্রতিটি জেলা সদরে ১টি সহ ৬৫টি ডিজিটাল ল্যাবে ভাষা প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ভাষা প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ১০২৪ জন আগ্রহী/যোগ্য শিক্ষক/ব্যক্তিদের ৯টি ভাষায় যথা: ইংরেজি (আমেরিকান/ব্রিটিশ/অস্ট্রেলিয়ান), চীনা, কোরিয়ান, জাপানিজ, ফরাসি, স্প্যানিশ, জার্মান, আরবি ও রুশ ভাষায় উপর মাস্টার প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। ১০২৪ জন মাস্টার প্রশিক্ষক স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রধানের তত্ত্বাবধানে আগ্রহী ছাত্র/ছাত্রী ও ব্যক্তিদের বর্ণিত ৯টি ভাষায় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে। বর্ণিত ভাষায় প্রশিক্ষিত ছাত্র/ছাত্রীগণের ফ্রিল্যান্সিংসহ বৈদেশিক ভাষা নির্ভর চাকুরির দক্ষতা বৃদ্ধি করবে। আইসিটি অধিদপ্তরের উপজেলায় নিয়োজিত সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যবের মাধ্যমে ভাষা প্রশিক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান করবেন।

উপদেষ্টা কমিটি:

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক "শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২" অনুযায়ী ল্যাব পরিচালনা হচ্ছে। উপরোক্ত প্রতিটি ডিজিটাল ল্যাব সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে প্রতিটি নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, পৌর কাউন্সিলর, আইসিটি অধিদপ্তরের উপজেলায় নিয়োজিত সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সমন্বয়ে গঠিত একটি উপদেষ্টা কমিটি কাজ

"শেখ রাসেল ডিজিটাল ল্যাব" মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরী ইন্সটিটিউট, মিরপুর, ঢাকা।

ফলাফল:

১। ২৯০১টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাবের মাধ্যমে বছরে প্রায় ১৫ লক্ষ ছাত্র/ছাত্রীর আইসিটি শিক্ষায় শিক্ষিত হওয়ার সুযোগ সৃষ্টি।

২। **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ক্লাশরুমের** কম্পিউটার ও ইন্টারনেট সহজলভ্যতার কারণে সারাদেশের প্রায় ১৫ লক্ষ ছাত্র/ছাত্রীর আইসিটি ক্ষেত্রে সামর্থ বৃদ্ধি পাওয়া ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়া।

৩। **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ক্লাশরুমের** মাধ্যমে ১৯৭৫ সনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্ব-পরিবারে নিহত হওয়ার সঠিক ইতিহাস ভবিষ্যৎ প্রজন্মকে অবহিত করন।

৪। ২৯০১টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০২৪ জন শিক্ষক/শিক্ষিকা বিশ্বের ৯টি ভাষায় প্রশিক্ষিত হওয়া ও আগ্রহী ছাত্র ছাত্রীদের ভাষা প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বৃদ্ধি হওয়া।